দৈনিক বাংলা

তারিখ 20 JUN 1987
পৃষ্ঠা ... কলাম ...

৫ই আষাঢ় ১৩৯৪

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র বেতন বাড়ছে না

জাতীয় সংসদে উপস্থাপিত ১৯৮৭-৮৮ বাজেটে বিভিন্ন স্তরের সরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্রদের মাসিক বেতনের হার বৃদ্ধি করার প্রস্তাবের কারণে কোন কোন মহলে ভুল বোঝাবুঝি ও বিভ্রান্তি সৃষ্টির প্রয়াস চলতে দেখা যায়। এমতাবস্থায়

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে

(প্রথম পৃঃ পর)

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র বেতন বৃদ্ধি করার কোন প্রস্তাব উত্থাপিত হয়নি। সরকারী স্কুল ও সরকারী কলেজে প্রচলিত বেতনের হার যথাক্রমে ১৯৬৪ ও ১৯৬৬ সন থেকে অপরিবর্তিত রয়েছে। আর সরকারী মাদ্রাসায় নামমাত্র বেতনের হার ১৯৩১ সন থেকে অপরিবর্তিত।

উল্লেখ্য যে প্রাপ্ত পরিসংখ্যান অনুসারে মোট কলেজের শতকরা প্রায় ২১ ভাগ কলেজ সরকারী এবং শতকরা প্রায় ৭৯ ভাগ বেসরকারী। মাধ্যমিক স্কুলসমূহের শতকরা মাত্র ২ দশমিক ৩৭ ভাগ সরকার পরিচালিত আর সরকারী মাদ্রাসার সংখ্যা মাত্র দুটি। মোট কলেজের ছাত্রদের মধ্যে শতকরা ৩৩ভাগ সরকারী ও অবশিষ্ট ৬৭ শতাংশ বেসরকারী কলেজের ছাত্র। মোট মাধ্যমিক স্কুলের ছাত্রদের মধ্যে ৫ শতাংশ সরকারী এবং অবশিষ্ট ৯৫ শতাংশ বেসরকারী মাধ্যমিক স্কুলের ছাত্র।

১৯৬৪ সন থেকে সরকারী স্কুলের, ১৯৬৬ সন থেকে সরকারী কলেজের ও ১৯৩১ সন থেকে সরকারী মাদ্রাসায় বিদ্যমান বেতনের হার এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (শতকরা ৯০ ভাগ, ক্ষেত্রে প্রযোজ্য) বর্তমানে প্রচলিত মাসিক ছাত্র বেতনের হার যথাক্রমে নিম্নরূপঃ

১ম ও ২য় শ্রেণীঃ ২ টাকা—১০ টাকা থেকে ১শ টাকা। ৩য়, ৪র্থ ও ৫মঃ ৩ টাকা—১৫ টাকা থেকে ১শ টাকা। ৬ষ্ঠঃ ৪ টাকা—১৮ টাকা থেকে ১শ টাকা। ৭ম ও ৮মঃ ৫ টাকা—১৮ টাকা থেকে ১শ টাকা। ৯ম ও ১০মঃ ৬ টাকা—২০ টাকা থেকে ১শ টাকা। একাদশ ও দ্বাদশ (কলা ও বাণিজ্য): ৮ টাকা—২০ টাকা থেকে ১শ টাকা। একাদশ ও দ্বাদশ (বিজ্ঞান) ঃ৯ টাকা—২২ টাকা থেকে ১২৫ টাকা। বিএ ও বিকমঃ ৯ টাকা—২৫ টাকা থেকে ৯০ টাকা; বিএসসিঃ ১০ টাকা—৩০ টাকা থেকে ৯০ টাকা। বিএ (অনার্স) ও বিকম (অনার্স)ঃ ১০ টাকা। বিএসসি (অনার্স)ঃ ১২ টাকা। এমএ, এমএসসি ও এমকমঃ ১২ টাকা—এই শ্রেণীগুলি বেসরকারী কলেজে নেই।

মাদ্রাসা—

দাখিলঃ ৩১ পয়সা, আলিমঃ ৬২ পয়সা, ফাজেলঃ ৬২ পয়সা, কামেলঃ ১ টাকা ২৫ পয়সা—৪ টাকা থেকে ২০ টাকা।

কমার্শিয়াল ইনস্টিটিউটঃ ৫ টাকা। পলিটেকনিক ইনস্টিটিউটঃ ৫ টাকা। ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটঃ ৩ টাকা।

উপরোল্লিখিত মাসিক ছাত্র বেতন ছাড়াও বেশির ভাগ বেসরকারী স্কুলে বছরের প্রথম মাসে স্থানভেদে ১শ থেকে ১ হাজার টাকা পর্যন্ত বিভিন্ন খাতে আদায় করা হয়। পক্ষান্তরে, সরকারী স্কুলে বছরের প্রথমে বিভিন্ন খাতে ১০ টাকা থেক ৫০ টাকার বেশি আদায় করা হয় না।

অনুরূপভাবে বেসরকারী কলেজে সেশনের প্রথমে ২শ টাকা থেকে ১ হাজার টাকা পর্যন্ত বিভিন্ন খাতে আদায় করা হয়। কিন্তু সরকারী কলেজে এরূপ আদায়কৃত অর্থের পরিমাণ ১শ টাকার বেশি নয়।

এখানে উল্লেখ করা যায় যে যদিও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন শ্রেণীতে ছাত্র বেতন ও অন্যান্য ফিস নির্ধারণের এখতিয়ার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা বা পরিচালনা পরিষদের হাতে ন্যস্ত তবুও এখন থেকে ছাত্র বেতন বা অন্যান্য ফিস সরকারের পূর্ব অনুমতি ব্যতিরেকে বৃদ্ধি না করার জন্য সকল বেসরকারী প্রতিষ্ঠানকে পরামর্শ দেয়া যাচ্ছে।

এ প্রসঙ্গে আরো উল্লেখ্য যে সরকারের জানা মতে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রস্তাবিত ছাত্র বেতনের বর্ধিত হার পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় এমনকি, এতদাঞ্চলের বিভিন্ন দেশের প্রচলিত ছাত্র বেতন হারের তুলনায় এখনও অনেক কম। খবর তথ্য বিবরণীর।